

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 এসিআর শাখা
 www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.১১৭

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬

০২ মে ২০১৯

বিষয়: বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এ অসাধারণ গ্রেডে নম্বর প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এসিআর অনুশাসনমালা, ২০১২ এর ৩.২.৫ এ “গোপনীয় অনুবেদনে অসাধারণ গ্রেডে অর্থাৎ ৯৫ বা তার বেশি নম্বর প্রদানের ক্ষেত্রে অনুবেদনকারী কর্মকর্তাকে এসিআর ফরমের ৫ম অংশে লেখচিত্রে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক সম্পাদিত ন্যূনতম একটি বিশেষ/সৃজনশীল/উদ্ভাবনী কাজ/যোগ্যতার উল্লেখ করিতে হইবে।” এবং ৩.৩.২ এ “গোপনীয় অনুবেদনে অসাধারণ গ্রেডে অর্থাৎ ৯৫ বা তার বেশি নম্বর প্রদানের ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে তাঁর জন্য নির্ধারিত অংশে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক সম্পাদিত ন্যূনতম একটি বিশেষ/সৃজনশীল/উদ্ভাবনী কাজ/যোগ্যতার উল্লেখ করিতে হইবে” মর্মে নির্দেশনা রয়েছে।

০২। কিন্তু প্রায়শই: লক্ষ্য করা যাচ্ছে অধিকাংশ কর্মকর্তাকে অসাধারণ গ্রেডে ৯৫ বা তার বেশি নম্বর প্রদান করা হলেও অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ তাঁর জন্য নির্ধারিত অংশে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক সম্পাদিত ন্যূনতম একটি বিশেষ/সৃজনশীল/উদ্ভাবনী কাজ/যোগ্যতার উল্লেখ করছেন না।

০৩। এমতাবস্থায়, গোপনীয় অনুবেদনে অসাধারণ গ্রেডে অর্থাৎ ৯৫ বা তার বেশি নম্বর প্রদানের ক্ষেত্রে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষকে তাঁর জন্য নির্ধারিত অংশে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক সম্পাদিত ন্যূনতম একটি বিশেষ/সৃজনশীল/উদ্ভাবনী কাজ/যোগ্যতার উল্লেখ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২-৫-২০১৯

কানাই লাল শীল

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২-৯৫৪০২০৮

ফ্যাক্স: ০২-৯৫৪০৩০৩

ইমেইল: Kanai64@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ২) সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
- ৩) সদস্য, শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ৪) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
- ৫) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল

৬) কর কমিশনার (সকল),

৭) কাস্টমস কমিশনার (সকল),

৮) মহাপরিচালক (সকল),

স্মারক নম্বর: ০৮.০০.০০০০..০৪৫.২১.০০২.১৭.১১৭/১(২)

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬
০২ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্ম সচিব, এসিআর শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২) উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়



২-৫-২০১৯

কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব